22 MAY 2016

তারিখ ... পৃষ্ঠা ...৪... কলাম ...২...

সমকাল

# 'অষ্টম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষা বাস্তবসম্মত নয়'

■ সমকাল প্রতিবেদক

অষ্টম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষা চালু হলে শিক্ষাব্যবস্থায় ভারসাম্য নষ্ট হবে। শিক্ষার মানও নিম্নমুখী হবে। সরকার পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষাতেই শতভাগ সফল হতে পারেনি, অষ্টম শ্রেণী পর্যন্ত হলে তা বাস্তবসম্মত হবে না। আগামী ২৫ বছরেও নতুন পদ্ধতির পরিকল্পনা বাস্তবায়ন সম্ভব নয়। গতকাল শনিবার রাজধানীতে দুটি অনুষ্ঠানে বক্তারা অভিমত প্রকাশ করেন।

ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) সাগর-রুনি মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মুহাম্মদ আবু বকর সিদ্দিক বলেন, শিক্ষা খাতের অবকাঠামো বিবেচনায় প্রাথমিক শিক্ষাকে অষ্টম শ্রেণী পর্যন্ত করার এ পরিকল্পনা আদৌ বাস্তবসম্মত নয়।

এ সময় উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আবুল কাশেম, সহসভাপতি রঞ্জিত কুমার সাহা, অধ্যক্ষ বজলুর রহমান মিয়া, অধ্যক্ষ সিদ্দিকুর রহমান শামীম প্রমুখ।